



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা



...

সভাপতি	ড. মহঃ শের আলী মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২২ জুন ২০২১
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর প্রতিনিধিদের সাথে এক অবহিতকরণ সভা মহাপরিচালক (যুগ্মসচিব) ড. মহঃ শের আলী এর সভাপতিত্বে ২২ জুন ২০২১ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় অনলাইন সিস্টেম জুমে অনুষ্ঠিত হয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অনুমতিক্রমে জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ আলমগীর কবীর জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি তুলে ধরেন। জিএসবি একটি ভূ-বৈজ্ঞানিক সংস্থা, এখানে জনগণের সাথে সরাসরি সম্পৃক্ততা কম মর্মে তিনি উল্লেখ করেন।

এ পর্যায়ে সভাপতি এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় অংশীজনের এ সভার আয়োজন করা হয়েছে উল্লেখ করে জিএসবি হতে কাঙ্ক্ষিত সেবা পেতে সেবাগ্রহীতা/অংশীজনের কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর প্রতিনিধি জনাব মোহাম্মদ মহসিন, সহকারী ব্যবস্থাপক জিএসবি হতে প্রয়োজনীয় সেবা পেতে কোন সমস্যা হচ্ছে না মর্মে অবহিত করেন। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর প্রতিনিধি জনাব কনিজ ফাতেমা এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর প্রতিনিধি জনাব রিয়াজ রহমান জিএসবি হতে চাহিদানুযায়ী সমযমত তথ্য-উপাত্ত পাওয়া যায়, কাঙ্ক্ষিত সেবা পেতে কোন সমস্যা হয়না মর্মে সভাকে অবহিত করেন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) হতে জিএসবি'র সেবা প্রাপ্তিতে বা পারস্পরিক তথ্য-উপাত্ত আদান প্রদানে কোন সমস্যা হচ্ছে কিনা সভাপতির এ প্রশ্নের জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে বর্ণিত প্রতিষ্ঠানগুলো হতে জিএসবি'র সেবা প্রাপ্তিতে কোন অসুবিধা হচ্ছে না।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ

৩৬

মোহাম্মদ আলমগীর কবীর

উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১